



নং- ১৯.০০.০০০০.৪১১.৩৪.১২৭.১৭-০৮২

২৫ জানুয়ারি ২০২১

- প্রেরক : আরশুদা খান
সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- প্রাপক : মির্জা মাহফী বিন্তে শাম্‌স
সচিব (পূর্ব)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- বিষয় : আগামী ২৮ জানুয়ারি ২০২১ তারিখে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠাতব্য বাংলাদেশ ও ভারতের মধ্যকার **Consular Dialogue** -এর প্রতিনিধি দলের দলনেতা ও ২৯ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠাতব্য **Foreign Office Consultation** - এর প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য মির্জা মাহফী বিন্তে শাম্‌স, সচিব (পূর্ব), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে নয়াদিল্লিতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২৮ জানুয়ারি ২০২১ তারিখে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠাতব্য বাংলাদেশ ও ভারতের মধ্যকার **Consular Dialogue** -এর প্রতিনিধি দলের দলনেতা ও ২৯ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠাতব্য **Foreign Office Consultation** - এর প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে নয়াদিল্লিতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলি নিম্নরূপঃ

ক) আপনি আগামী ২৭ জানুয়ারি ২০২১ বা এর নিকটবর্তী তারিখে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ৩১ জানুয়ারি ২০২১ বা এর নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

খ) ভ্রমণকালীন আপনি মন্ত্রণালয়ে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং আপনি বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

গ) দলনেতা ও সদস্য হিসেবে আপনি ভ্রমণ সংক্রান্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন; এতদুদ্দেশ্যে ভ্রমণ সংক্রান্ত ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে বহন করা হবে।

ঘ) জরুরি অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

আপনার একান্ত,

(আরশুদা খান)

সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)

ফোনঃ ৪৭১১০৬৪৮

২৫ জানুয়ারি ২০২১

নং- ১৯.০০.০০০০.৪১১.৩৪.১২৭.১৭-০৮২

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। অতিরিক্ত পররাষ্ট্র সচিব (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক (প্রশাসন/ দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৩। পরিচালক (এফএমও / এসএমও/ এফএসও / অর্থ / রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুন বাগিচা, ঢাকা
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
- ৬। সহকারী সচিব (সাধারণ সেবা/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৭। সহকারী সচিব (আই সি টি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। বাংলাদেশ দূতাবাস, নয়াদিল্লি, ভারত
- ৯। অফিস কপি।

(আরশুদা খান)

সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)